

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.২০০.১২.০০.০০.২০০.০১৮.২০১৫-২৩৭

তারিখ : ১৩ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ
২৮ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ


বিষয় : ১০৪ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

সূত্র : স্মারক নং-০৫.২০০.১২.০০.০০.২০০.০১৮.২০১৫-২৩৫, তারিখ : ২৬/১০/২০১৫।

উপর্যুক্ত সূত্রের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ০১ নভেম্বর, ২০১৫ হতে ৩০ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত ৬০ (ষাট) দিন মেয়াদে অনুষ্ঠেয় ১০৪তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে (এসিএডি) অংশগ্রহণের জন্য সরকারের উপসচিব পর্যায়ের নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দকে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হল :

ক্রঃনং	নাম ও আইডি নম্বর	ব্যাচ	পদবী ও কর্মস্থল
১.	জনাব মোঃ আখতারুজ্জামান (৬৩৫১)	১৫	উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে সংযুক্ত।
২.	ড. মোহাম্মদ আলতাফ-উল-আলম (৬৩৫৮)	১৫	উপসচিব, অর্থ বিভাগে সংযুক্ত।
৩.	জনাব রাব্বি মিয়া (৬৩৯৫)	১৭	উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
৪.	জনাব মোঃ আব্দুর রউফ (৬৩৯৯)	১৭	অতিঃ পরিচালক (উপসচিব), জাতীয় সমাজ কল্যাণ পরিষদ।
৫.	জনাব মোঃ মাহবুবুর রহমান (৬৪০০)	১৭	পরিচালক (উপসচিব), শ্রেডা, বিদ্যুৎ বিভাগ।
৬.	জনাব আহমেদ ফয়সাল ইমাম (৬৪০৩)	১৭	উপসচিব, খাদ্য মন্ত্রণালয়।
৭.	কাজী গোলাম তাওসিফ (৭৬৪৯)	-	মহাব্যবস্থাপক (উপসচিব), বাংলাদেশ সড়ক পরিবহন সংস্থা।
৮.	জনাব মোঃ কাউসার আহমেদ (৭৭২৫)	-	উপসচিব, খাদ্য মন্ত্রণালয়।

- ০২। মনোনীত কর্মকর্তাবৃন্দ প্রশিক্ষণ চলাকালে কর্মরত হিসেবে গণ্য হবেন এবং নিজ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে বেতন/ভাতাদি গ্রহণ করবেন।
- ০৩। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দকে আবশ্যিকভাবে বিপিএটিসি'র ডরমিটরিতে অবস্থান করতে হবে।
- ০৪। কোর্সের কোর্স ফি জনপ্রতি ৫৭,০০০/- (সাতাল্লু হাজার) টাকা। কোর্সে মনোনীত কর্মকর্তার কোর্স ফি কোর্স শুরু হওয়ার পূর্বে নিজ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে ক্রসড চেক/ব্যাংক ড্রাফটের মাধ্যমে রেজিস্টার, বিপিএটিসি বরাবরে জমা দিতে হবে।
- ০৫। বিপিএটিসি কর্তৃপক্ষ কোর্সের জন্য মনোনীত প্রশিক্ষণার্থীবৃন্দের থাকা-খাওয়ার ব্যবস্থা করবেন। কোর্স চলাকালীন তাঁরা শুধু ভ্রমণ ভাতা পাবেন। কিন্তু কোন দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।
- ০৬। প্রশিক্ষণার্থীবৃন্দকে আগামী ৩১/১০/২০১৫ তারিখ অপরাহ্নে বিপিএটিসিতে যোগদান করতে হবে।
- ০৭। মনোনীত কর্মকর্তাগণ কোর্স শুরুর তারিখে নিজ কর্মস্থল থেকে তাৎক্ষণিকভাবে অব্যুক্ত হবেন। মনোনীত কোন কর্মকর্তা উক্ত কোর্সে যোগদানে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। মনোনয়নপ্রাপ্ত কোন কর্মকর্তা কোর্সে অংশগ্রহণ না করলে পদোন্নতির সময় প্রশিক্ষণে যোগদানে ব্যর্থতার বিষয়টি বিধি অনুযায়ী বিবেচনার জন্য উপস্থাপন করা হবে।
- ০৮। মনোনীত কর্মকর্তাবৃন্দকে আগামী ২৮/১০/২০১৫ তারিখের মধ্যে বিপিএটিসি'র ওয়েবসাইটে (www.bpatc.org.bd) অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। কোর্সে যোগদানের পর প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে ই-লার্নিং প্ল্যাটফর্মে (elearning.bpatc.org.bd) রেজিস্ট্রেশন করতে হবে।


(সৈয়দা মাছুমা খানম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৫২৫।


রেজিস্টার,
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা।

নং-০৫.২০০.১২.০০.০০.২০০.০১৮.২০১৫-২৩৭/১(৫০)

তারিখ : ১৩ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ
২৮ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সিনিয়র সচিব/সচিব, -----।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/রংপুর/সিলেট/বরিশাল
- ০৩। চেয়ারম্যান/মহা-পরিচালক/প্রকল্প পরিচালক/প্রধান প্রকৌশলী -----।
- ০৪। যুগ্ম-সচিব (প্রশিক্ষণ/পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। জনাব।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ০৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন/সিপিটি/শৃঙ্খলা/এপিডি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।


(সৈয়দা মাছুমা খানম)
সিনিয়র সহকারী সচিব